

ছাত্রসংসদ নির্বাচনের দাবি নাটোরে এনএস কলেজে ছাত্রলীগের ভাঙচুর

নাটোর প্রতিনিধি *

ছাত্রসংসদ নির্বাচনের দাবিতে নাটোরের এন এন কলেজে ভাঙচুর চালিয়েছে ছাত্রলীগসহ মহাজোটের বিভিন্ন ছাত্রসংগঠন। এ সময় আতঙ্কে সাধারণ শিক্ষার্থীরা প্রাচীর টপকে পালিয়ে যায়। সাধারণ শিক্ষার্থীরা জানান, গতকাল শনিবার সকালে ছাত্রলীগের নেতৃত্বে কয়েকটি ছাত্রসংগঠনের সমর্থকরা কলেজের প্রধান ফটকে তালা ঝুলিয়ে ভাঙচুর শুরু করে। পাশাপাশি ছাত্রসংসদের নির্বাচনের দাবিতে মিছিল করে তারা। ভাঙচুর শুরু হওয়ায় ছাত্রীরা প্রাণভয়ে কলেজের দেয়াল টপকে পালিয়ে যায়। ছাত্রলীগের এন এন কলেজ শাখার সভাপতি এস এম শাহাদত হোসেন জানান, কোনো প্রকার ভাঙচুর হয়নি। ছাত্রসংসদ নির্বাচনের দাবিতে ছাত্রলীগ, ছাত্রমৈত্রী, ছাত্র ইউনিয়ন, ছাত্রফস্ট, ছাত্রসমাজ মিছিল করেছে। এন এন কলেজের অধ্যক্ষ আব্দুল কুদ্দুস ভাঙচুরের কথা স্বীকার করে জানান, ছাত্রসংসদ নির্বাচনের ব্যাপারে উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলোচনা চলছে। প্রসঙ্গত, ২০০৩ সালের ৩০ সেপ্টেম্বর সর্বশেষ এন এন কলেজে ছাত্রসংসদ নির্বাচন হয়।